তারিখ 17 MAR 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

64

# চট্টগ্রাম ভার্সিটির প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত তদন্ত ২১ ও ২২শে মার্চ

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাণিজ্য অনুষদ প্রথমবর্ষ (সম্মান) বিবিএ ভর্তি পরীক্ষা ১৯৯৩-৯৪-এর প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে গঠিত তদন্ত কমিটি আগামী ২১শে মার্চ সকাল ১১টায় কলা অনুষদের 'ডীন'-এর অফিস কক্ষে এবং পরদিন বিকাল ৪টায় ৮৭২ হাজী নূর আহমদ সড়কস্থ বিশ্ববিদ্যালয় ক্লাব (শহর) সংশ্লিষ্ট বিষয়ে সাক্ষাৎকার গ্রহণ করিবেন।

বিশ্ববিদ্যালয় প্রক্টর স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রশ্নপত্র ফাঁস সম্পর্কে কোন ব্যক্তি সাক্ষাৎকার প্রদানে ইচ্ছুক হইলে তথ্য প্রমাণাদিসহ উল্লেখিত সময়ে তদন্ত কমিটির সহিত সাক্ষাৎ করার জন্য অনুরোধ জানানো হইয়াছে।